

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৩৪

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে খাবার খেয়ে ওযূ করেননি, সেটা মেষের গোসত ছিল; উটের গোসত নয়- এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذَا الطَّعَامَ الَّذِي لَمْ يَتَوَضَّأْ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَكْلِهِ كَانَ لَحْمَ شَاةٍ لَا لَحْمَ إِبِلِ

আরবী

1134 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا الْحَسَنُ بْنُ قَزَعَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الطُّفَاوِيُّ قَالَ: حَدَّثَنَا أَيُّوبُ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بْنِ مُحَمَّدُ بْنُ الْمُنْكَدِرِ عَنْ جَابِرِ بْنِ عَبِدِ اللَّهِ قَالَ: دَعَتَ امْرَأَةٌ مِنَ الْأَنْصَارِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى شَاةٍ فَأَكَلَ عبد اللَّهِ قَالَ: دَعَتَ امْرَأَةٌ مِنَ الْأَنْصَارِ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى شَاةٍ فَأَكَلَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصِحْابُهُ فَحَضَرَتِ الصَّلَاةُ فَتَوَضَّأَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصِحْابُهُ فَحَضَرَتِ الْعَصْرُ فَلَمْ يَتَوَضَّأُ رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ ثُمَّ عَادَ إِلَى بَقِيَّتِها فَأَكَلُوا فَحَضَرَتِ الْعَصِرُ فَلَمْ يَتَوَضَّأُ رَسُولُ اللَّهِ صَلَّى الله عليه وسلم.

الراوي: جَابِر ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1134 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৩৪. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আনসারী এক নারী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে একটি মেষের গোসতের জন্য দাওয়াত দেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও তাঁর সাহাবীগণ তা খান। অতঃপর আসরের সালাতের সময় হলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ওযু করেন তারপর বাকী খাবার আনতে বলেন অতঃপর তা খান, তারপর আসরের সালাতের সময় হয়, এসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (নতুন করে) ওয় করেননি।"[1]

ফুটনোট



[1] আত তায়ালিসী: ১৬৭০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১১৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন